

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ১৫টি প্রতিষ্ঠানকে ৫৭.০০ হাজার টাকা জরিমানা

১৭ জুলাই ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৩ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, রাজবাড়ী ও মাদারীপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর খিলগাঁও এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে টাঙ্গাইল চমচম ঘর ও স্বপ্ন সুপার সপকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ১৫,০০০/- (পনের হাজার) টাকা ও ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে চাপ সামলাওকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা এবং অভিযোগের ভিত্তিতে একই অপরাধে ক্যাফে 5 Six 7 কে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ৩১,০০০/- (একত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় ও ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

অন্যদিকে রজনী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Handi Indian Bistro, Tongue & Tommy এবং Guhoa the Cab Kitchen কে ১,০০০/- (এক হাজার) টাকা করে মোট ৩,০০০/- (তিন হাজার) জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

এছাড়া রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ীর পাংশা উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা এবং মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে মাদারীপুরের রাজৈর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকাসহ মোট ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৩টি বাজার তদারকিতে ১৫টি প্রতিষ্ঠানকে মোট ৫৭,০০০/- (সাতান্ন হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ৪ জন অভিযোগকারীকে মং ২,০০০/- (দুই হাজার) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা ও স্যানিটারী ইন্সপেক্টর এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, রাজবাড়ী ও মাদারীপুর।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, রাজবাড়ী ও মাদারীপুর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।